

## দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ নামায রচয়িতা/সঙ্কলকঃ আবদূল হামীদ ফাইযী

নামায ছুটে গেলে কাযা পড়ব কখন? আগামী ওয়াক্ত বা আগামী দিনের ঐ নামাযের সময় পর্যন্ত কি পিছিয়ে দেওয়া চলে?

আগামীতে যখনই সময় পাওয়া যাবে, তখনই তা পড়ে নিতে হবে। নিষিদ্ধ সময়েও তা পড়া যাবে। আগামী ওয়াক্ত পর্যন্ত বিলম্ব করা যাবে না। মহানবী (সঃ) বলেন, "নিদ্রা অবস্থায় কোন শৈথিল্য নেই। শৈথিল্য তো জাগ্রত অবস্থায় হয়। সুতরাং যখন তোমাদের মধ্যে কেউ কোন নামায পড়তে ভুলে যায় অথবা ঘুমিয়ে পড়ে, তখন তাঁর উচিৎ, স্মরণ হওয়া মাত্র তা পড়ে নেওয়া।" কেননা, আল্লাহ তা'আলা বলেন, "আর আমাকে স্মরণ করার উদ্দেশ্যে তুমি নামায কায়েম কর।" ১৭০

## ফুটনোট

১৭০ (ত্বহাঃ ১৪, মুসলিম, মিশকাত ৬০৪ নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=130

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন